

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
কসবা, ব্রাহ্মণবাড়িয়া  
www.dss.kasba.brahmanbaria.gov.bd

উপজেলা ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন কমিটি, কসবা, ব্রাহ্মণবাড়িয়া সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ ছামিউল ইসলাম

উপজেলা নির্বাহী অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া

সভার তারিখ ও সময় : ২৮/০৮/২০২৫ খ্রি: বেলা- ১ ঘটিকা।

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট “ক” তে স্বাক্ষরের ক্রমানুসারে উল্লেখিত

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা ক্রমে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়:	আলোচনা:	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	০২	০৪	০৫
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণী কোন সংশোধন কিংবা সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হলো।	উপজেলা সমাজসেবা অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া
২। উপজেলা ভিক্ষুক পুনর্বাসন জন্য প্রাপ্ত আবেদন সমূহ যাচাই, অনুমোদন এবং সিদ্ধান্ত গ্রহণ।	সদস্য সচিব জানান যে, উপজেলা ভিক্ষুক পুনর্বাসন কমিটি এর ফাউন্ডে ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থানের জন্য ২,০৩,৬১২/- (দুই লক্ষ তিন হাজার ছয়শত বার) টাকা আছে। ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান নীতিমালা ২০১৮ অনুযায়ী- কসবা উপজেলা এর পুনর্বাসনে আগ্রহী ০৫ জন ভিক্ষুক আর্থিক সহায়তা পেতে উপজেলা সমাজসেবা অফিসারের বরাবরে আবেদন করেন। প্রাপ্ত আবেদন পত্র সমূহ সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মীর মাধ্যমে সহায়তা প্রাপ্তির যোগ্যতা যাচাইয়ে ০৩ টি সঠিক পাওয়া যায়। ইউনিয়ন সমাজকর্মীগণ সুপারিশসহ আবেদনপত্র সমূহ পরবর্তী কার্যক্রম বাস্তবায়নে প্রেরণ করেন।  পুনর্বাসনে আগ্রহী ০৩ জন ভিক্ষুক এর আবেদনপত্র সভায় উপস্থাপন করা হয়। প্রাপ্ত আবেদন সমূহ যাচাইয়ে দেখা যায় যে, ১) জনাব ফিরুজা খাতুন, পিতা- গনু ডুইয়া, গ্রাম- মীরতলা, ডাকঘর- মীর শাহপুর, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া। তিনি মীরতলা বাজারে ক্ষুদ্র ব্যবসা (মুপানের দোকান) পরিচালনার জন্য আর্থিক সহায়তা পেতে আবেদন করেন।  ০২) জনাব মোঃ রুবেল মিয়া, পিতা- মোঃ ইউনুছ মিয়া, গ্রাম- কুটি, ডাকঘর- কুটি, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়া। তিনি একজন শারীরিক প্রতিবন্ধী ভিক্ষুক এবং কুটি বাজারে কাপড়ের ব্যবসা পরিচালনার জন্য আর্থিক সহায়তা পেতে আবেদন করেন।	১) ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থানের জন্য প্রাপ্ত আবেদনের ০৩ জনকে আর্থিক সহায়তা (উপকরণ) প্রদানের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।  ক) জনাব ফিরুজা খাতুন, পিতা- গনু ডুইয়া, গ্রাম- মীরতলা, ডাকঘর- মীর শাহপুর, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়াকে ক্ষুদ্র ব্যবসা পরিচালনার জন্য ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার উপকরণ ;  খ) আঃ মালেক, পিতা- আঃ গনি, গ্রাম- গজানগর, ডাকঘর- কসবা, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়াকে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মূল্যের উপকরণ  গ) জনাব মোঃ রুবেল মিয়া, পিতা- মোঃ ইউনুছ মিয়া, গ্রাম- কুটি, ডাকঘর- কুটি, উপজেলা- কসবা, জেলা- ব্রাহ্মণবাড়িয়াকে	উপজেলা সমাজসেবা অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া

৩) আঃ মালেক, পিতা- আঃ গনি, গ্রাম- গঙ্গানগর, ডাকঘর- কসবা, উপজেলা- কসবা, জেলা-ব্রাহ্মণবাড়িয়া। ক্ষুদ্র ব্যবসা (শুটকি মাছের দোকান) পরিচালনার জন্য আর্থিক সহায়তা পেতে আবেদন করেন।

ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান নীতিমালা ২০১৮ অনুযায়ী প্রাপ্ত আবেদন সমূহ সঠিক পাওয়া যায়। আগ্রহী ০৩ জন ভিক্ষুক এর মধ্যে ক্রমিক নং- ০১ এর জনাব ফিরুজা খাতুনকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার উপকরণ, ক্রমিক নং ০২ এর জনাব মোঃ রুবেল মিয়া কে ক্ষুদ্র ব্যবসা পরিচালনার জন্য ১০০,০০০/- (এক লক্ষ) টাকার উপকরণ এবং ক্রমিক নম্বর ০৩ এর আঃ মালেক কে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা মূল্যের উপকরণ দেয়া যেতে পারে মর্মে সমাজসেবা অফিসার সভায় প্রস্তাব করেন।

১০০,০০০/- (এক লক্ষ)  
টাকা মূল্যের উপকরণ দেয়ার  
সিদ্ধান্ত হয়।

উপজেলা ভিক্ষুক পুনর্বাসন কমিটি এর সদস্য এবং স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে বিভিন্ন সভায় ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচি বিষয়ে জনগণকে অবহিতকরণ, নিয়মিত উপজেলা ভিক্ষুক পুনর্বাসন কমিটির সভা আহবান এবং পুনর্বাসিত ভিক্ষুকদের মিনিটরিং বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। সভায় আর কোনো আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্য বৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*Handwritten signature*  
06/02/2022

মোঃ ছামিউল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার  
এবং সভাপতি  
উপজেলা ভিক্ষুক পুনর্বাসন কমিটি  
মোবাইল- ০১৭০৫৪১১২৩৮  
ইমেইল- unokasha@mopa.gov.bd

স্মারক নম্বর- ৪১.০১.১২৬৩.০০০.০৬.০০২.২২.২৬২

তারিখঃ- ০৩/০৯/২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
৩. উপজেলা..... অফিসার, কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৪. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কসবা, ব্রাহ্মণবাড়িয়া।
৫. জনাব.....
৬. অফিস কপি।

*Handwritten signature*

মোহাম্মদ আলমগীর মিয়া  
উপজেলা সমাজসেবা অফিসার  
এবং সদস্য সচিব  
উপজেলা ভিক্ষুক পুনর্বাসন কমিটি  
টেলিফোন- ০৮৫২৪৭৩০৯৬  
ইমেইল- usso.kashba@dss.gov.bd